**বিষয়ঃ** **বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে বাপেক্সকে শক্তিশালীকরণ ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত সভায় গৃহিত সিদ্ধান্তের অগ্রগতির উপর অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

সভার স্থান: বাপেক্স বোর্ড রুম
তারিখ: ২৮-০৫-২০২০
সময়: সকাল ১০.০০ টা
সভাপতি: জনাব মোহাম্মদ আলী, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

**ভূমিকাঃ**
সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন যে, বাপেক্সকে শক্তিশালীকরণ ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা প্রণয়ন সম্পর্কিত এক সভা গত ০৭-০৫-২০২০ তারিখে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে ভার্চুয়াল সিস্টেমে অনুষ্ঠিত হয়। সভায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সম্মানিত সিনিয়র সচিব জনাব মোঃ আনিছুর রহমান উপস্থিত ছিলেন। চেয়ারম্যান, পেট্রোবাংলা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিবগণসহ সংশ্লিষ্ট যুগ্মসচিব, পরিচালক (পরিকল্পনা), পরিচালক (অপারেশন), পরিচালক (অর্থ), পেট্রোবাংলা, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স ও এর উর্দ্ধতন কর্মকর্তাগণ স্ব-স্ব অবস্থান থেকে ভিডিও কনফারেন্সে অংশগ্রহণ করেন। উক্ত সভায় গৃহিত সিদ্ধান্ত/নির্দেশনার অগ্রগতি পর্যালোচনার জন্য অদ্য ২৮-০৫-২০২০ তারিখে একটি সভা ব্যবস্থাপনা পরিচালক এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। অতঃপর আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | কার্যব্যবস্থায় |
|---|---|---|---|---|
| ১ | শুষ্ক, পরিত্যক্ত ও স্থগিত কূপসমূহের গ্যাস অনুসন্ধান ও উৎপাদন | এতদবিষয়ে সভাপতি মহোদয় জানতে চাইলে মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) বলেন যে, শুষ্ক, পরিত্যক্ত ও স্থগিত কূপসমূহের অনুসন্ধান ও আধুনিক প্রযুক্তির মাধ্যমে উৎপাদন শুরু করার জন্য আন্তর্জাতিক প্রতিষ্ঠানসমূহের নিকট হতে Request for Expression of Interest (REOI) গত ১৩-০৫-২০২০ তারিখে আহবান করা হয় এবং আগামী ১১-০৬-২০২০ তারিখে দরপত্র উন্মুক্ত করা হবে। দরপত্র মূল্যায়নের পর RFP আহবান করা হবে। | কালবিলম্ব না করে নির্ধারিত সময়ের মধ্যে মূল্যায়ন প্রতিবেদন দাখিল করতে হবে এবং RFP প্রস্তুতের কাজ সম্পন্ন করতে হবে। | আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি |
| ২ | বাপেক্স এর আগামী ০৬ মাসের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন | সভার সভাপতি মহোদয় সভাকে অবহিত করেন যে, বাপেক্স এর আগামী ০৬ মাসের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ণের নির্দেশনা রয়েছে। সেপ্রেক্ষিতে একটি কমিটি গঠনের মাধ্যমে উক্ত কর্মপরিকল্পনা প্রণয়ন জরুরি বলে সভায় আলোচনা হয়। সভাপতি আগামী ৭ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করেন। | নিম্নোক্ত কমিটি আগামী ৭ কার্যদিবসের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক বরাবর প্রতিবেদন দাখিল করবে।<br>কমিটি:<br>১) পরিচালক (অপারেশন)- আহবায়ক,<br>২) মহাব্যবস্থাপক (খনন)-সদস্য<br>৩) মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব)-সদস্য<br>৪) মহাব্যবস্থাপক (উৎপাদন)-সদস্য<br>৫) মহাব্যবস্থাপক (প্রশাসন)-সদস্য<br>৬)মহাব্যবস্থাপক (পরিকল্পনা)- সদস্য-সচিব | মহাব্যবস্থাপক (প্রশাসন) ও সংশ্লিষ্ট কমিটি |
| ৩ | বিশেষজ্ঞ/ কনসালটেন্ট নিয়োগ | মহাব্যবস্থাপক (খনন) সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে খনন বিশেষজ্ঞ নিয়োগ কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে। এ পর্যায়ে মহাব্যবস্থাপক (পরিকল্পনা) সভাকে অবহিত করেন যে, ভূতাত্ত্বিক ও ভূপদার্থিক বিশেষজ্ঞদ্বয়ের সহিত চুক্তির খসড়া অদ্য জনাব মোহা: মঈনুল হোসেন, ডিজিএম (ভূপদার্থ) পরিকল্পনা বিভাগে দাখিল করেছে যা শীঘ্রই প্রশাসন বিভাগে প্রেরণ করা হবে। | জরুরি ভিত্তিতে খনন বিশেষজ্ঞ এবং ভূতাত্ত্বিক ও ভূপদার্থিক বিশেষজ্ঞদ্বয়ের সহিত চুক্তি সম্পাদনের দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও প্রশাসন) এবং জনাব মোহা: মঈনুল হোসেন, ডিজিএম (ভূপদার্থ) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | সাংগঠনিক কাঠামো প্রণয়ন | এ বিষয়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, বাপেক্স বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী পেট্রোবাংলার মতামত প্রাপ্তির লক্ষ্যে মহাব্যবস্থাপক (প্রশাসন), পেট্রোবাংলা এর সহিত যোগাযোগ করা হয়েছে। তিনি মৌখিকভাবে জানিয়েছেন যে, শীঘ্রই এ বিষয়ে পদক্ষেপ নেয়া হবে। | পেট্রোবাংলার সহিত যোগাযোগ করে দ্রুততম সময়ের মধ্যে মতামত প্রাপ্তি নিশ্চিত করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৫ | বাপেক্স পরিচালনা পর্ষদের সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন প্রতিবেদন দাখিল | এ বিষয়ে সভাপতি মহোদয় সভাকে অবহিত করেন যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব বাপেক্স পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হিসেবে যোগদানের পরে বোর্ড সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ আগামী তিনমাসের মধ্যে বাস্তবায়ন করে প্রতিবেদন দাখিল করতে হবে। কোন সিদ্ধান্ত বর্ণিত সময়ের মধ্যে বাস্তবায়িত না হলে তা পরবর্তীতে বাস্তবায়নের বিস্তারিত ছক বা পরিকল্পনা আবশ্যিকভাবে বর্ণিত বিভাগে দাখিল করতে হবে। | বোর্ডের সিদ্ধান্তের আলোকে ইতোমধ্যে যে সকল কার্যক্রম সম্পাদিত হয়েছে, স্ব-স্ব বিভাগ/উপবিভাগ/প্রকল্প পরিচালকগণ তালিকা প্রস্তুত করে কোম্পানি সচিবালয় দাখিল করবে। যেসব সিদ্ধান্ত এখনও বাস্তবায়িত হয়নি তার তালিকা প্রস্তুত করে আগামী এক মাসের মধ্যে সম্পন্ন করার সময়াবদ্ধ কার্যক্রম গ্রহণ করে কোম্পানি সচিবালয়কে অবহিত করবে। | সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক /উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক |
| ৬ | Srikail-4, Fenchuganj-3 & 4 ওয়ার্কওভার কার্যক্রম | Srikail-4, Fenchuganj-3 & 4 ওয়ার্কওভার কার্যক্রম গ্রহণের নিমিত্ত প্রাক্কলন প্রস্তুতের জন্য পূর্বে গঠিত কমিটিতে খনন বিভাগের প্রতিনিধি হিসেবে জনাব বজলুর রহমান আহাম্মেদ এবং প্রকৌশল বিভাগের প্রতিনিধি হিসেবে জনাব মো: আব্দুর রউফকে অন্তর্ভুক্তি এবং আগামী ৩১ মে, ২০২০ এর মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন | আগামী ৩১ মে, ২০২০ এর মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য নিম্নরূপে কমিটি পুনর্গঠন করা হল:<br>১) জনাব তোফায়েল আহাম্মেদ, পরিচালক (অপারেশন)-আহবায়ক,<br>২) জনাব মো: আলমগীর হোসেন, মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব)-সদস্য<br>৩) জনাব মো: জহুরুল ইসলাম, মহাব্যবস্থাপক (খনন)-সদস্য<br>৪) জনাব মো: ফজলুল হক, মহাব্যবস্থাপক (উৎপাদন)-সদস্য<br>৫) জনাব মো: কামরুজ্জামান, মহাব্যবস্থাপক (নির্মাণ)-সদস্য<br>৬) জনাব বজলুর রহমান আহাম্মেদ, ডিএস-সদস্য-সচিব<br>৭) জনাব মো: আব্দুর রউফ, ডিজিএম-সদস্য | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৭ | শ্রীকাইল ইষ্ট-১ কূপের গ্যাস গ্যাদারিং লাইন স্থাপন | এ বিষয়ে মহাব্যবস্থাপক (নির্মাণ) সভাকে অবহিত করেন যে, শ্রীকাইল ইষ্ট-১ অনুসন্ধান কূপের গ্যাস সঞ্চালনের জন্য আনুমানিক ৭.৭৫ কি.মি. গ্যাস গ্যাদারিং লাইন স্থাপন করতে হবে। এলক্ষ্যে গঠিত কমিটি কর্তৃক ফিজিবিলিটি স্টাডি এবং রুটম্যাপ তৈরি করা হয়েছে, ল্যান্ড অ্যাকুইজিশন প্রক্রিয়াধীন বলে সভাকে অবহিতকরা হয়। এ বিষয়ে মহাব্যবস্থাপক (উৎপাদন) সভাকে অবহিত করেন যে, গ্যাস গ্যাদারিং লাইনের সীমানা/ভূমির পরিমাণ নির্ধারণ করে ভূমি অধিগ্রহণের জন্য ডিসি অফিস বরাবর জরুরিভাবে আবেদন করা দরকার। আগামী ফেব্রুয়ারি/২০২১ মাসের মধ্যে যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হলে জরুরী ভিত্তিতে পদক্ষেপ নেয়া প্রয়োজন। টেন্ডার ডকুমেন্টস প্রস্তুতের জন্য বিজিএফসিএল এর প্রতিনিধি মনোনয়নের বিষয়টি আলোচিত হয়। | ক) কমিটির প্রতিবেদন অনুযায়ী বোর্ড কার্যপত্র আগামী ৩১ মে, ২০২০ এর মধ্যে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর উপস্থাপন করতে হবে।<br>খ) টেন্ডার ডকুমেন্টস প্রস্তুতের জন্য বিজিএফসিএল এর প্রতিনিধি মনোনয়ন চেয়ে পত্র প্রেরণ করতে হবে। | আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি ও মহাব্যবস্থাপক (উৎপাদন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | সালদা-৩, ৪ এবং ফেঞ্চুগঞ্জ-৪, ৫ গ্যাসক্ষেত্র উন্নয়ন প্রকল্পের আওতায় ক্রয়কৃত মালামাল এর MRR সংক্রান্ত | এ বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় মহাব্যবস্থাপক (আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম)-কে বলেন যে, ৩০ জুন অর্থ-বছর সমাপ্ত হবে। তার পূর্বেই এ বিষয়টি সুরাহা হওয়া প্রয়োজন। তাই সালদা-৩, ৪ এবং ফেঞ্চুগঞ্জ-৪, ৫ গ্যাসক্ষেত্র উন্নয়ন প্রকল্পের আওতায় ক্রয়কৃত মালামালসমূহের MRR সম্পন্নের লক্ষ্যে সরেজমিনে পরিদর্শন করে মালামালের প্রতিবেদন জরুরি ভিত্তিতে দাখিল করার প্রয়োজনীয়তা তুলে ধরেন। এ বিষয়ে কমিটিকে আরও তৎপর হওয়া দরকার বলে মতামত ব্যক্ত করেন। | আগামী ৭ দিনের মধ্যে প্রতিবেদন দাখিলকরত: MRR সম্পন্ন করতে হবে। | আহবায়ক ও সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি এবং মহাব্যবস্থাপক (আ: কার্যালয়, চট্টগ্রাম) |
| ৯ | আহবায়িত বিভিন্ন দরপত্রের মূল্যায়ন প্রতিবেদন | সভাপতি নিম্নোক্ত দরপত্রের কারিগরি/ বাণিজ্যিক মূল্যায়ন প্রতিবেদন জরুরী ভিত্তিতে সম্পন্ন করার জন্য কমিটির সদস্যগণকে অনুরোধ করেন।<br>১) দরপত্র নং-বাপেক্স/এডমিন/আইএনটি/টেন-৯৬৪<br>২) দরপত্র নং-বাপেক্স/এডমিন/আইএনটি/টেন-৯৬৫<br>৩) দরপত্র নং-বাপেক্স/এডমিন/আইএনটি/টেন-৯৪৮<br>৪) দরপত্র নং-বাপেক্স/এডমিন/আইএনটি/টেন-৯৪৯<br>৫) দরপত্র নং-বাপেক্স/এডমিন/আইএনটি/টেন-৯৬০ | আহবায়িত দরপত্রের কারিগরি/ বাণিজ্যিক মূল্যায়ন প্রতিবেদন আগামী ৩ কার্যদিবসের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর দাখিল করতে হবে। | আহবায়ক/সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি |

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

28/06/2020
(মোহাম্মদ আলী)
ব্যবস্থাপনা পরিচালক
বাপেক্স

স্মারক নং-২৮.০৯.০০০০.০৬১.০৬.০০৭.১৯/০৭ (২০) তারিখ: ২৮-০৫-২০২০

বিতরণ (সদয় অবগতি ও কার্যার্থে):
১) পরিচালক (অপারেশন), বাপেক্স, ঢাকা।
২) মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/প্রকল্পব্যবস্থাপক.............................................
৩) অফিস কপি।